ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-২৯৩১</u>

উদয়পুর, ১৭ সেপ্টেম্বর, ২০২৬

**দেওয়ালি মেলা উপলক্ষে প্রস্তুতি সভা**

আগামী ৬ থেকে ৮ নভেম্বর ৫১ শক্তিপীঠের অন্যতম পীঠস্থান মাতা ত্রিপুরাসুন্দরী মন্দির প্রাঙ্গণে তিনদিনব্যাপী দেওয়ালি মেলা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে সম্প্রতি গোমতী জেলার জেলাশাসকের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়ের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বিধায়ক অভিষেক দেবরায়, গোমতী জেলার জেলাশাসক রিঙ্কু লাথের সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, মেলায় ড্রোন ক্যামেরার ব্যবস্থা থাকবে। এছাড়া মেলা প্রাঙ্গণের প্রতিটি কর্ণারে ও মন্দিরে সিসিটিভি ক্যামেরা বসানো হবে। তিনদিনব্যাপী এই দীপাবলি মেলায় প্রতিদিন সন্ধ্যায় মুক্তমঞ্চে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হবে। এই অনুষ্ঠানে রাজ্যের ও বহির্রাজ্যের শিল্পীগণ অংশগ্রহণ করবেন। তিনদিনব্যাপী এই মেলাকে সুন্দর ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়কে চেয়ারম্যান করে একটি কার্যকরী কমিটি ও ১৪টি উপ কমিটি গঠন করা হয়েছে।

*******